# ঢাকা-৮ আসনে ভোটার হলেন এনসিপির নাসীরুদ্দীন পাটওয়ারী



নাসিরুদ্দিন পাটোয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী তার ভোটার এলাকা পরিবর্তন করে ঢাকা-৮ সংসদীয় আসনের ভোটার হয়েছেন। আসনটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাভুক্ত।

এর আগে তিনি ঢাকা উত্তর সিটি করপোরেশনের উত্তরা এলাকার নিবন্ধিত ভোটার ছিলেন। সম্প্রতি ভোটার এলাকা পরিবর্তনের পর তিনি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ঢাকা-৮ সংসদীয় আসনের ভোটার হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন।

ভোটার এলাকা স্থানান্তরের জন্য নির্বাচন কমিশনের নির্ধারিত ফরম-১৩ ব্যবহার করে প্রয়োজনীয় আইনি ও প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণ করে আবেদন করেন নাসীরুদ্দীন পাটওয়ারী। পরে আবেদনটি যাচাই-বাছাই এবং সংশ্লিষ্ট দাফতরিক নথিপত্র পরীক্ষা শেষে তার ভোটার এলাকা পরিবর্তনের অনুমোদন দেয় নির্বাচন কমিশন (ইসি)।

LENS ASIA